নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ

তারিখঃ ২১-০৯-২০২২ (পৃঃ ১১)

# ব্রিতে 'আধুনিক ধান উৎপাদন প্রযুক্তি' বিষয়ে প্রশিক্ষণ

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) 'আধুনিক ধান উৎপাদন প্রযুক্তি' বিষয়ে দুই মাসব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। মঙ্গলবার ব্রির মহাপরিচালক ড. শাহজাহান কবীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন।

গাজীপুরে ব্রি সদর দফতরের প্রশিক্ষণ ভবনে প্রশিক্ষণ বিভাগ আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রশিক্ষণ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা.) ও প্রধান ড. শাহাদাত হোসেন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. আবু বকর ছিদ্দিক এবং পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। অনুষ্ঠানে ব্রির সব বিভাগীয় প্রধান উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ড. শাহজাহান কবীর প্রশিক্ষণার্থীদের উদ্দেশে বলেন, চতুর্থ শিল্প বিপ্লব কৃষি বিজ্ঞানীদের হাত ধরেই বাস্তবায়ন হবে। আপনাদের হাত ধরেই দেশ উন্নত দেশে পরিণত হবে। সুতরাং এই প্রশিক্ষণটি খুবই গুরুত্বপূর্ণ।

দেশ রূপান্তর

তারিখঃ ২১-০৯-২০২২ (পৃঃ ০৯)

একনজরে

## ব্রিতে প্রশিক্ষণ

**গাজীপুর প্রতিনিধি**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) 'আধুনিক ধান উৎপাদন প্রযুক্তি' বিষয়ে দুই মাসব্যাপী প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার ব্রির মহাপরিচালক ড. শাহজাহান কবীর প্রধান অতিথি হিসেবে এ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন। গাজীপুরে ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে প্রশিক্ষণ বিভাগ আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রশিক্ষণ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ. দা.) ড. শাহাদাত হোসেন। এতে ব্রির নতুন নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানীসহ মোট ২৪ জন বিজ্ঞানী অংশ নিয়েছেন।